

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৪৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “২৯ দিন” এর দ্বারা উদ্দেশ্য হলো কোন কোন মাস; সব মাস নয়

ذَكَرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تِسْعٌ وَعِشْرُونَ) أَرَادَ بِهِ بَعْضَ الشُّهُورِ لَا الْكُلِّ

আরবী

3443 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ وَالدَّغُولِيُّ قَالَا: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بَشْرِ بْنِ الْحَكَمِ حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ قَالَ: قَالَ ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ: أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: عَزَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نِسَاءَهُ شَهْرًا فَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَبَاحَ تِسْعٍ وَعِشْرِينَ فَقَالَ بَعْضُ الْقَوْمِ: يَارَسُولَ اللَّهِ إِنَّا أَصْبَحْنَا مِنْ تِسْعَةٍ وَعِشْرِينَ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الشَّهْرَ يَكُونُ تِسْعًا وَعِشْرِينَ) ثُمَّ صَفَّقَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثًا مَرَّتَيْنِ بِأَصَابِعِ يَدَيْهِ كُلِّهَا وَالثَّالِثَ بِتِسْعٍ مِنْهَا.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3443 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (3505):

•م

বাংলা

৩৪৪৩. জাবির বিন আব্দুল্লাহ রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক মাস তাঁর স্ত্রীদের থেকে পৃথক থাকেন। অতঃপর তিনি ২৯ দিনে হুজরা থেকে বের হয়ে আসেন, তখন কেউ কেউ বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা ২৯ তম দিনে সকাল করেছি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই এই মাস ২৯ দিনে।” তারপর তিনি হাতের সব আঙ্গুল দিয়ে দুইবার ইশারা করেন; আরেকবার নয় আঙ্গুল দিয়ে ইশারা করেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১০৮৪; আবু ইয়ালা: ২২৪৯; সহীহ মুসলিম: ১০৮৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩৫০৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92777>

🕒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন